25

তারিখ 12 MAR 1996
পৃষ্ঠা ৫ কলাম ৪

দৈনিক ইনকিলাব

চট্টগ্রামে আন্তর্জাতিক দর্শন সম্মেলনে বক্তাবৃন্দ

# পাশ্চাত্যঘেঁষা বর্তমান শিক্ষানীতি আদর্শ নাগরিক সৃষ্টিতে ব্যর্থ

চঃবিঃ রিপোর্টার ঃ বাংলাদেশ দর্শন কংগ্রেসের উদ্যোগে ২ দিনব্যাপী ৭ম আন্তর্জাতিক দর্শন সম্মেলন রবিবার সমাপ্ত হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনায় চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে গতকাল ও আজ অনুষ্ঠিত সম্মেলনে ৪টি পৃথক সেমিনার ও ১টি মুক্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে দেশ-বিদেশের বহু দার্শনিক, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ও কলেজের শতাধিক অধ্যাপক ও দর্শনানুরাগী ব্যক্তি অংশ নেন। সম্মেলনে শিক্ষাবিদ সেমিনারে দেশী-বিদেশী দার্শনিক বাংলাদেশে বর্তমানে প্রচলিত শিক্ষানীতির কঠোর সমালোচনা করে বলেন-এই শিক্ষানীতি পাশ্চাত্য শিক্ষানীতি এবং এই শিক্ষানীতি আদর্শ নাগরিক সৃষ্টিতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। তারা সমাজের প্রতিনিধিত্বশীল ও আদর্শ নাগরিক সৃষ্টির লক্ষ্যে নতুন শিক্ষানীতি প্রবর্তনের উপর গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে কেউ কেউ ইসলামী শিক্ষানীতি প্রবর্তনের ইংগিত করেন। কেউ কেউ এর আপত্তি করে বলেন, ইসলামী শিক্ষা [illegible] করলে সংখ্যালঘুদের [illegible] হবে। এ প্রসঙ্গে বলা হয়, সংখ্যালঘুদের জন্য তাদের ধর্মানুসারে শিক্ষানীতি হতে পারে। এ জন্য দার্শনিকদের ভূমিকা থাকা দরকার বলে তারা মন্তব্য করেন। গত শনিবার সকালে উদ্বোধনী অনুষ্ঠানে সাবেক মন্ত্রী এ এম জহির উদ্দিন খান প্রধান অতিথি ছিলেন। চঃবিঃ ভিসি আরআই চৌধুরী স্বাগত ভাষণ দেন। এছাড়া সম্মেলনের সভাপতি ও রাঃবিঃ-এর অধ্যাপিকা খানম মমতাজ বেগমের সভাপতিত্বে ৪টি সেমিনারে পৃথক প্রবন্ধ পাঠ ও আলোচনা করেন সর্বজনাব অধ্যাপক কমলা বন্দ্যোপাধ্যায় (ভারত), ডঃ মঈনুদ্দীন আহমদ খান (চঃবিঃ), অধ্যাপক হাসান আজিজুল হক (রাঃবিঃ), আফম ওবায়দুর রহমান (জাঃবিঃ); এম নজরুল ইসলাম (রাঃবিঃ), ডঃ মাহবুব উল্লাহ (চঃবিঃ), ডঃ আবদুল মতিন (ঢাঃবিঃ), শহিদুল ইসলাম (রাঃবিঃ), শাকিলা আজহার (জাঃবিঃ), কায়সার মোস্তফা (ঢাঃবিঃ), ডঃ বদিউর রহমান (চঃবিঃ), মোজাফফর আহমদ চৌধুরী (চঃবিঃ), লুৎফর রহমান, ডঃ কাওসার মোস্তফা, শাহীন ইসলাম, মমতাজ মহল, শিব প্রসাদ, আহমদ ফজলে হাসান চৌধুরী প্রমুখ। কথাশিল্পী হাসান আজিজুল হক সম্মেলন পরিচালনা করেন।